## প্রথম আলো

# ছাত্ররাজনীতি থাকবে, লেজুড়বৃত্তি নয়

**বিশেষ সাক্ষাৎকার**

**নিয়াজ আহমদ খান**

ছাত্র-জনতার অভ্যুত্থানের পর গত ২৭ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয় বিশ্ববিদ্যালয়টির উন্নয়ন অধ্যয়ন বিভাগের অধ্যাপক নিয়াজ আহমদ খানকে। তিনি এমন একটি সময়ে দায়িত্ব নেন, যখন দেশের রাজনীতি অস্থিরতার মধ্য দিয়ে যাচ্ছে, ঢাকা বিশ্ববিদ্যালয়েও নতুন পরিস্থিতি তৈরি হয়েছে। এর মধ্যে প্রায় দুই মাস দায়িত্ব পালন করেছেন তিনি। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিজের অভিজ্ঞতা, শিক্ষার্থীদের প্রত্যাশা, ছাত্ররাজনীতি, নিজের রাজনৈতিক অবস্থান, বিশ্ববিদ্যালয়টির শিক্ষার মান, মুক্তিযুদ্ধ, ’২৪-এর ছাত্র-জনতার অভ্যুত্থান ইত্যাদি বিষয়ে ২২ অক্টোবর *প্রথম আলোর* সঙ্গে কথা বলেছেন **অধ্যাপক নিয়াজ আহমদ খান**।

সাক্ষাৎকার নিয়েছেন **রাজীব আহমেদ** ও **রাফসান গালিব**।



অধ্যাপক নিয়াজ আহমদ খান। ছবি : প্রথম আলো

**প্রথম আলো :** আপনি একটি ভিন্ন পরিস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব পেয়েছেন। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাদের সঙ্গে আপনার কি কোনো যোগাযোগ ছিল? আপনার নামটি কীভাবে এল?

**নিয়াজ খান :** উপাচার্য পদে শিক্ষার্থীরা তুলনামূলকভাবে নির্দলীয় কাউকে চাইছিল। আমার সঙ্গে প্রথম যোগাযোগ শিক্ষার্থীরাই করে। পরে প্রশাসনের পক্ষ থেকে যোগাযোগ করা হয়।

**প্রথম আলো :** আপনি প্রায় দুই মাস হলো নিয়োগ পেয়েছেন। কী কী পরিবর্তন আনলেন? সবার সহযোগিতা কতটা পাচ্ছেন?

**নিয়াজ খান :** স্বাভাবিক অবস্থায় বিশ্ববিদ্যালয়ে নতুন প্রশাসন কিছু বিষয় ‘গ্রান্টেড’ হিসেবে পায়।

**এরপর পৃষ্ঠা ৮**

# দৈনিক বর্তমান

## পরিবেশ বিষয়ে গবেষণা কার্যক্রম জোরদার করতে হবে : ঢাবি উপাচার্য

বর্তমান প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেছেন, পরিবেশ সংরক্ষণ বিষয়ে জনসচেতনতা সৃষ্টি এবং এ ব্যাপারে গবেষণা কার্যক্রম আরও জোরদার করার উপর গুরুত্বারোপ করতে হবে। এ লক্ষ্যে গবেষণা তহবিল বৃদ্ধি করতে হবে। শনিবার দুপুরে বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক ড. আব্দুল্লাহ ফারুক মাল্টিপারপাস হলে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনকালে উপাচার্য এসব কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং এণ্ড ইন্স্যুরেন্স বিভাগ এবং পূবালী ব্যাংক পিএলসির যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় এই বৃক্ষরোপণ কর্মসূচি পরিচালিত হয়। ব্যাংকিং এণ্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. হাসিনা শেখের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, পূবালী ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী, ব্যাংকিং এণ্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন

এরপর পৃষ্ঠা ৭ কলাম ২



ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগ এবং পূবালী ব্যাংক পিএলসি-এর যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচি শুরু হয়েছে। এই উপলক্ষে শনিবার বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ একটি করে গাছের চারা রোপণ করেন -বর্তমান

### পরিবেশ বিষয়ে গবেষণা

অনুষদের ডিন, শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উপাচার্য বলেন, পরিবেশের সঙ্গে মানবজীবন ওতপ্রোতভাবে জড়িত। পরিবেশ দূষণের ফলে প্রাণিজগৎ নানাভাবে বিপর্যস্ত হচ্ছে। সমাজের উন্নয়নের পাশাপাশি নিজেদের বাঁচাতে পরিবেশ সংরক্ষণে আমাদের আরও সচেতন হতে হবে। এ ক্ষেত্রে বৃক্ষরোপণ কর্মসূচি ও স্বেচ্ছাসেবী কার্যক্রম আরও জোরদার করতে হবে এবং বিনিয়োগ বাড়াতে হবে। শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের বিশেষায়িত জ্ঞান ব্যবহার করে ইন্ডাস্ট্রি-একাডেমিয়াকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। আলোচনা সভায় বক্তারা বিদেশি গাছ বর্জন এবং দেশীয় গাছ রোপণের উপর গুরুত্বারোপ করেন। এ ছাড়া বৃক্ষরোপণের পাশাপাশি বৃক্ষের যথাযথ পরিচর্যা ও সংরক্ষণের উপর আলোকপাত করা হয়। অনুষ্ঠান শেষে বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ একটি করে গাছের চারা রোপণ করেন।

# ভোরের কাগজ



ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগ এবং পূবালী ব্যাংক পিএলসির যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় শুরু হওয়া বৃক্ষরোপণ কর্মসূচিতে গতকাল বৃক্ষরোপণ করেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিজ্ঞপ্তি

### ঢাবি উপাচার্য

## পরিবেশ সংরক্ষণে আমাদের আরো সচেতন হতে হবে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পরিবেশ সংরক্ষণ বিষয়ে জনসচেতনতা সৃষ্টি এবং এ ব্যাপারে গবেষণা কার্যক্রম আরো জোরদার করার ওপর গুরুত্বারোপ করে বলেছেন এ লক্ষ্যে গবেষণা তহবিল বাড়াতে হবে। গবেষণা তহবিল গঠনে এগিয়ে আসার জন্য তিনি সমাজের ধনাঢ্য ব্যক্তি ও শিল্প মালিকদের প্রতি আহ্বান জানান।

গতকাল শনিবার বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক ড. আব্দুল্লাহ ফারুক মাল্টিপারপাস হলে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনকালে উপাচার্য এ আহ্বান জানান। ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগ এবং পূবালী ব্যাংক পিএলসির যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় এই বৃক্ষরোপণ কর্মসূচি পরিচালিত হচ্ছে। ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. হাসিনা শেখের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, পূবালী ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী, আরবরিকালচার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন এবং ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, পরিবেশের সঙ্গে মানবজীবন ওতপ্রোতভাবে জড়িত। পরিবেশ দূষণের ফলে প্রাণিজগৎ নানাভাবে বিপর্যস্ত হচ্ছে। সমাজের উন্নয়নের পাশাপাশি নিজেদের বাঁচাতে পরিবেশ সংরক্ষণে আমাদের আরো সচেতন হতে হবে।

আলোচনা সভায় বক্তারা বিদেশি গাছ বর্জন এবং দেশীয় গাছ রোপণের ওপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠান শেষে বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ একটি করে গাছের চারা রোপণ করেন। বিজ্ঞপ্তি

## বণিক বার্তা



ঢাকা বিশ্ববিদ্যালয়ে গতকাল বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান

ছবি : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট

বৃক্ষরোপণ কর্মসূচিতে ঢাবি উপাচার্য

### পরিবেশ নিয়ে গবেষণা কার্যক্রম জোরদার করতে হবে

নিজস্ব প্রতিবেদক ■

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেছেন, 'পরিবেশ সংরক্ষণ বিষয়ে জনসচেতনতা সৃষ্টি এবং এ ব্যাপারে গবেষণা কার্যক্রম আরো জোরদার করতে হবে। এ লক্ষ্যে গবেষণা তহবিল বৃদ্ধি করতে হবে।'

গতকাল দুপুরে বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক ড. আব্দুল্লাহ ফারুক মাল্টিপারপাস হলে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনকালে উপাচার্য এসব কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগ ও পূবালী ব্যাংক পিএলসির যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় এ বৃক্ষরোপণ কর্মসূচি পরিচালিত হয়।

ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. হাসিনা শেখের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, পূবালী ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী, ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম বিশেষ অতিথির বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

কর্মসূচি নিয়ে উপাচার্য বলেন, 'পরিবেশের সঙ্গে মানবজীবন ওতপ্রোতভাবে জড়িত। পরিবেশ দূষণের ফলে প্রাণিজগৎ নানাভাবে বিপর্যস্ত হচ্ছে। সমাজের উন্নয়নের পাশাপাশি নিজেদের বাঁচাতে পরিবেশ সংরক্ষণে আমাদের আরো সচেতন হতে হবে। এক্ষেত্রে বৃক্ষরোপণ কর্মসূচি ও স্বেচ্ছাসেবী কার্যক্রম আরো জোরদার করতে এবং বিনিয়োগ বাড়াতে হবে। শিক্ষা ও গবেষণাপ্রতিষ্ঠানের বিশেষায়িত জ্ঞান ব্যবহার করে ইন্ডাস্ট্রি-একাডেমিয়াকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।'

আলোচনা সভায় বক্তারা বিদেশী গাছ বর্জন ও দেশীয় গাছ রোপণের ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া বৃক্ষরোপণের পাশাপাশি বৃক্ষের যথাযথ পরিচর্যা ও সংরক্ষণের ওপর আলোকপাত করা হয়। অনুষ্ঠান শেষে বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন

## খবরের কাগজ



### পূবালী ব্যাংকের অর্থায়নে ঢাবিতে বৃক্ষরোপণ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগ ও পূবালী ব্যাংক পিএলসির যৌথ উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি উপলক্ষে গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক ড. আব্দুল্লাহ ফারুক মাল্টিপারপাস হলে এক অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাবির উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. হাসিনা শেখ। অনুষ্ঠানে বক্তব্য দেন ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের জ্যেষ্ঠতম শিক্ষক অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম। এই কর্মসূচির আওতায় বিশ্ববিদ্যালয় এলাকা এবং অন্যান্য জায়গায় প্রায় ৩ হাজার গাছের চারা রোপণ করা হবে। বিজ্ঞপ্তি

# The Daily Observer



Prof Dr Niaz Ahmed Khan, Vice-Chancellor of Dhaka University, visited several examination rooms on Friday to conduct the cluster admission test for nine agricultural universities for the academic year 2023-24 PHOTO: OBSERVER

# নয়া দিগন্ত

## পরিবেশ বিষয়ে গবেষণা জোরদার করতে হবে : ঢাবি ভিসি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পরিবেশ সংরক্ষণ বিষয়ে জনসচেতনতা সৃষ্টি এবং এ ব্যাপারে গবেষণা কার্যক্রম আরো জোরদার করার ওপর গুরুত্বারোপ করে বলেছেন এ লক্ষ্যে গবেষণা তহবিল বৃদ্ধি করতে হবে। গবেষণা তহবিল গঠনে এগিয়ে আসার জন্য তিনি সমাজের ধনাঢ্য ব্যক্তি ও শিল্পমালিকদের প্রতি আহ্বান জানান।

গতকাল শনিবার বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক ড. আবদুল্লাহ ফারুক মাল্টিপারপাস হলে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনকালে ভিসি এই আহ্বান জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগ এবং পূবালী ব্যাংক পিএলসির যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় এই বৃক্ষরোপণ কর্মসূচি পরিচালিত হচ্ছে।

ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. হাসিনা শেখের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, পূবালী ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী, আরবরিকালচার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন এবং ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. মোঃ রফিকুল ইসলাম বিশেষ অতিথির বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।

# ইত্তেফাক

## পরিবেশ বিষয়ে গবেষণা জোরদার করতে হবে : ঢাবি উপাচার্য

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেছেন, পরিবেশ সংরক্ষণ বিষয়ে জনসচেতনতা সৃষ্টি এবং এ ব্যাপারে গবেষণা কার্যক্রম আরো জোরদার করার ওপর গুরুত্বারোপ করতে হবে। এ লক্ষ্যে গবেষণা তহবিল বৃদ্ধি করতে হবে। গবেষণা তহবিল গঠনে এগিয়ে আসার জন্য সমাজের ধনাঢ্য ব্যক্তি ও শিল্পমালিকদের প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। গতকাল শনিবার বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক ড. আব্দুল্লাহ ফারুক মাল্টিপারপাস হলে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনকালে উপাচার্য এসব কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগ এবং পূবালী ব্যাংক পিএলসির যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় এই বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. হাসিনা শেখ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, পূবালী ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী, আরবরিকালচার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন এবং ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনাসভায় বক্তারা বিদেশি গাছ বর্জন এবং দেশীয় গাছ রোপণের ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া, বৃক্ষরোপণের পাশাপাশি বৃক্ষের যথাযথ পরিচর্যা ও সংরক্ষণের ওপর আলোকপাত করা হয়। অনুষ্ঠান শেষে বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এবং প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ একটি করে গাছের চারা রোপণ করেন।